

# India-China meeting of Army Commanders on June 06,2020

June 07, 2020

## চিন সামরিক কমান্ডারদের মধ্যে জুন 06,2020 তারিখের বৈঠক

জুন 07, 2020

সাম্প্রতিক কয়েক সপ্তাহ ধরে, ভারত-চিন সীমান্ত এলাকা বরাবর পরিস্থিতিকে মোকাবিলা করার জন্য প্রতিষ্ঠিত কূটনৈতিক এবং সামরিক চ্যানেলের মাধ্যমে যোগাযোগ বজায় রেখে চলেছে।

লেহ অঞ্চলের সৈন্যবাহিনীর বেস ক্যাম্পের কমান্ডার এবং চিনা কমান্ডারের মধ্যে জুন 06,2020 তারিখে চুসুল-মন্ডো অঞ্চলে একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকটি আন্তরিক এবং ইতিবাচক আবেহে অনুষ্ঠিত হয়েছে। উভয়পক্ষ বিভিন্ন দ্বিপাক্ষিক চুক্তিকে মান্যতা দিয়ে এবং দ্বিপাক্ষিক সম্পর্কের সার্বিক উন্নতির জন্য ভারত-চিন সীমান্তে শান্তি এবং সুস্থিতি বজায় রাখার ক্ষেত্রে নেতাদের সহমতের সাথে সায়ুজ্য রেখে সীমান্ত এলাকার পরিস্থিতিকে শান্তিপূর্ণভাবে সমাধা করার বিষয়ে সহমত হয়েছেন।

উভয়পক্ষ এও উল্লেখ করেছে যে, এই বছর হল দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার 70 তম বছর এবং সম্পর্কের আরো উন্নতির ক্ষেত্রে অবদান রাখার জন্য দ্রুত সমাধানের বিষয়ে তারা সহমত হয়েছেন।

সেই অনুযায়ী, সীমান্ত এলাকায় শান্তি ও সুস্থিতি নিশ্চিত করার জন্য এবং পরিস্থিতিকে সামাধান করার জন্য দুই পক্ষ সামরিক এবং কূটনৈতিক ব্যবস্থা চালিয়ে যাবে।

নিউ দিল্লি

জুন 07,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

